দৈনিক বাংলা

তারিখ ...২৪ JUL 1995 ... ...
পৃষ্ঠা ১ কলাম ৬ ...

২০০

ঢাকা ভার্সিটি সিন্ডিকেটের সভা

# অফিসার হতে স্নাতক ডিগ্রী লাগবে

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার :** ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেটের নিয়মিত সভা বৃহস্পতিবার অনুষ্ঠিত হয়। সভায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের কর্মচারীদের অফিসার পদে উন্নীত হওয়ার জন্য স্নাতক ডিগ্রী থাকতে হবে বলে একটি

(৪-এর পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## অফিসার হতে

(প্রথম পৃষ্ঠার পর)

প্রস্তাব পাশ হয়েছে।

এছাড়া কয়েকজন কর্মচারীর পদোন্নতির ব্যাপারেও একটি কমিটি গঠিত হয়েছে। একটি নির্ভরযোগ্য সূত্রে জানা গেছে, ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর শহীদ উদ্দীন আহমেদকে প্রধান করে একটি পর্যালোচনা কমিটি গঠিত হয়। সূত্র জানান, আগামী সিন্ডিকেটের সভায় এই কমিটি তাদের রিপোর্ট পেশ করবেন।

বৃহস্পতিবার সিন্ডিকেটের সভায় অন্যান্য যেসব বিষয় এজেন্ডাভুক্ত ছিল তার মধ্যে রয়েছে- শিক্ষকদের ছুটি, তিনজন শিক্ষকের পদোন্নতি, ছাত্রীদের সূর্যাস্ত আইন ও ডীন নির্বাচন।

সূত্র জানান, ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের ছুটি সর্বসাকল্যে ৩৩ দিন করার প্রস্তাব পাশ হয়েছে। মেয়েদের সূর্যাস্ত আইনের বিষয়ে কোন সিদ্ধান্ত হয়নি।

এছাড়া, সিন্ডিকেট আগামী ১৪ আগস্ট ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডীন নির্বাচনের তারিখ নির্ধারিত হয়েছে বলে সূত্র জানান।

আগামী আগস্ট মাসের তৃতীয় সপ্তাহে পরবর্তী সিন্ডিকেট সভা বসবে।